ICT বিষয়ক বহুল ঘঠিত এবং সহজে সমাধানযোগ্য সমস্যাসমুহ

সমস্যা-১: pc এর power দিলে কাজ করেনা
সমাধানঃ পিসির যে বৈদ্যুতিক লাইন এর সাথে সংযুক্ত সেখানে চেক করুন > পাওয়ার স্ট্রিপ এ পাওয়ার আছে কিনা চেক করুন > ইউপিএস এ পাওয়ার সুইচ অন করা আছে কিনা চেক করুন> ইউপিএস হতে পিসির পাওয়ার ক্যাবল সমূহ নাড়াচাড়া দিয়ে দেখুন> এবার পিসি পাওয়ার সুইচ চাপুন।

সমস্যা-২: pc এর power দিলে শব্দ করে
সমাধানঃ পিসি এর পাওয়ার অন করার পরে পিপ পিপ, পিপ পিপ ... বা পিইইইইইইইইপ পিইইইইইইইপ এই ধরনের শব্দ করে তাহলে অতিসত্বর আইসিটি বিভাগে যোগাযোগ করুন।

সমস্যা-৩: ইউপিএস শব্দ করছে।
সমাধানঃ যদি ইউপিএস হতে শব্দ হয় তাহলে প্রথমে খেয়াল করতে হবে যে ইলেক্ট্রিসিটি আছে কিনা> যদি ইলেক্ট্রিসিটি থাকে তাহলে দেখতে হবে ইউপিএস এ ইনডিকেটর লাইট লাল হয়ে আছে কিনা এই লাইটটি সাধারণত সবুজ থাকে> যদি ইনডিকেটর লাইট লাল হয়ে থাকে তাহলে বৈদ্যুতিক লাইন হতে ইউপিএস এর পাওয়ার ক্যাবলটি চেক নাড়াচাড়া দিতে হবে বা চেক করতে হবে যে বৈদ্যুতিক লাইন এর সুইচ অন করা আছে কিনা।

সমস্যা-৪: মনিটরে ছবি আসেনা।
সমাধানঃ মনিটরে ছবি না আসলে প্রথমে মনিটর এ পাওয়ার আসে কিনা তা চেক করতে হবে > সাধারণত মনিটর গুলোর পাওয়ার বাটনে চাপ দিলে সবুজ বা নীল বাতি জ্বলে। যদি এই ধরনের সবুজ বা নীল বাতি জ্বলে তাহলে বুজতে হবে মনিটরে পাওয়ার আছে > এরপর ও ছবি না আসলে চেক করতে হবে পিসি অন করা আছে কিনা > যদি পিসি অন করা থাকে তাহলে মনিটর হতে একটি ক্যাবল বের হয়ে পিসিতে সংযুক্ত হয় যা ভিজিএ (VGA) ক্যাবল নামে পরিচিত উক্ত ক্যাবল এর কানেক্টরগুলো ভালভাবে লাগাতে হবে > এছাড়া পিসির পিকচার আউটপুট ঠিক আছে কিনা তা চেক করার জন্য কিবোর্ড এর নামলক (Num Lock) বাটন চেপে দেখা যেতে পারে যে কিবোর্ড এর উক্ত বাটনটির উপরে সবুজ বাতি জ্বলে কিনা> এরপর ও যদি ছবি না আসে তাহলে VGA cable টি একটু নাড়াচাড়া দিয়ে দেখুন।

সমস্যা-৫: কিবোর্ড কাজ করেনা।
সমাধানঃ কিবোর্ড হ্যাং হয়ে আছে কিনা তা প্রথমে চেক করুন > এ জন্য ওয়ার্ড বা এক্সেল এ কয়েকটি কি চেপে দেখতে পারেন যে কিবোর্ড ঠিকমত কাজ করছে কিনা , শর্টকাট উপায় হল ক্যাপস লক বা নাম লক বাটনগুলো কয়েক বার চেপে দেখা যে বাটনগুলোর জন্য নির্ধারিত লাইট গুলো জ্বলে নিভে কিনা> উপরোক্ত উপায় সমূহ অনুসরণ করার পরে পিসি হতে কিবোর্ড এর ইউএসবি বা পিএসটু পোর্টটি পুনরায় কানেক্ট করে দেখতে হবে > কাজ না হলে একবার পিসি রিস্টার্ট দিন।

<u>সমস্যা-৬:</u> মাউস কাজ করেনা ।
সমাধানঃ পিসি এর ইউএসবি বা পিএসটু পোর্ট এ লাগানো মাউসটি খুলে পুনরায় লাগান > যদি কাজ না করে পিসি একবার রিস্টার্ট দিন।

<u>সমস্যা-৭:</u> ইন্টারনেট নাই।
সমাধানঃ পিসিতে যদি দেখেন ইন্টারনেট নাই তাহলে প্রথমে দেখবেন ডেস্কটপের নিচে ডানদিকে নেটওয়ার্ক আইকনটিতে ক্রস চিহ্ন/হলুদ (!) চিহ্ন দেখায় কিনা। যদি ক্রস চিহ্ন দেখায় তবে আপনার পিসির নেটওয়ার্ক ক্যাবলটি পুনরায় লাগান এরপর না হলে পিসি রিস্টার্ট করুন। আর যদি নেটওয়ার্ক আইকনটিতে হলুদ (!) চিহ্ন দেখায় তাহলে পিসিটি একবার রিস্টার্ট করুন।
এছাড়া যেসব পিসির সাথে আইপি টেলিফোন আছে সেসব পিসিতে ইন্টারনেট না থাকলে আইপি টেলিফোন এর সাথে পিসি এর নেটওয়ার্ক ক্যাবলটি ঠিকমত লাগানো আছে কিনা চেক করুন।

<u>সমস্যা-৮:</u> পেন্ড্রাইভে কোন ডাটা Show করেনা।
সমাধানঃ যদি আপনার পেনড্রাইভে ডাটা থাকে কিন্তু কম্পিউটারে লাগানোর পর ডাটা show করেনা অথচ পেনড্রাইভের স্পেস ব্যবহার হচ্ছে দেখায় তাহলে নিম্নের পদ্ধতি অনুসরণ করুনঃ-
আপনার পিসিটি যদি Windows 7 এর হয়ে থাকে তাহলে My Computer এ Double Click করুন > একটি window ওপেন হবে যার উপরের দিকে বামপাশে organise button এ click করুন > এরপর folder and search option এ click করুন > Folder Option নামে একটি Window আসবে> Folder Option হতে View button এ click করুন > Hidden Files and Folders এ গিয়ে Show Hidden files, folder and drives এ click করুন > এর নিচে Hide দিয়ে শুরু তিনটি অপশন যদি টিক মার্ক করা থাকে তাহলে টিক উঠিয়ে দিন > Ok করে বের হয়ে আসুন > এরপরে আপনার পেনড্রাইভে সকল ফাইল দেখতে পারবেন।

<u>সমস্যা-৯:</u> কম্পিউটার অন করলে Blue Screen আসে।
সমাধানঃ কম্পিউটার অন হওয়ার সময় Blue Screen আসলে দ্রুত আইসিটি বিভাগে যোগাযোগ করুন।

<u>সমস্যা-১০:</u> কম্পিউটার কিছুক্ষণ চলার পরে Blue Screen দেখিয়ে Restart হয়।
সমাধানঃ এধরনের সমস্যা হলে প্রথমে মনে করার চেষ্টা করবেন সম্প্রতি কোন সফটওয়্যার বা কম্পিউটারে কোন কিছু লাগিয়েছেন কিনা। ইউসবিতে কোন ডিভাইস লাগানো থাকলে রিমুভ করুন। কোন সফটওয়্যার ইন্সটল করে থাকলে আনইন্সটল করুন। যদি ইন্টারনেটে ব্রাউজ করার সময় এই সমস্যা হয় তাহলে ব্রাউজারটি আপডেট করুন। এরপর না হলে ব্রাউজার আনইন্সটল করে নতুন করে ইন্সটল করুন।

<u>সমস্যা-১১:</u> কম্পিউটার অন করার সাথে সাথে হ্যাং হয়ে যাওয়া।
সমাধানঃ কম্পিউটার হ্যাং হলে একবার রিস্টার্ট দিন।

<u>সমস্যা-১২:</u> কম্পিউটার কিচ্ছুক্ষণ চলার পরে হ্যাং হয়।
সমাধানঃ প্রথমে কম্পিউটারটি একবার রিস্টার্ট দিন। এধরনের সমস্যা পুনরায় হলে কোন সফটওয়্যারটিতে কাজ করার সময় সমস্যা হচ্ছে তা চিহ্নিত করুন। সম্ভব হলে সফটওয়্যারটি আনইন্সটল করে পুনরায় ইন্সটল করুন। সমাধান না হলে আইসিটি বিভাগে যোগাযোগ করুন।

<u>সমস্যা-১৩:</u> মনিটর স্ক্রীন কাপাকাপি করে।
সমাধানঃ মনিটর হতে পিসিতে যে VGA Cable (নীল রঙ এর ক্যাবল) সংযুক্ত তা একটু নাড়াচাড়া দিয়ে দেখুন।

<u>সমস্যা-১৪:</u> মনিটরে ছবি আসেনা।
সমাধানঃ মনিটরে ছবি না আসলে প্রথমে মনিটর এর পাওয়ার চেক করুন। যদি মনিটরে পাওয়ার থাকে তাহলে আপনার কিবোর্ড এর Num Lock বাটন টি চাপ দিয়ে দেখুন অন/অফ হয় কিনা যদি হয় তাহলে বুঝবেন আপনার পিসির CPU ঠিক আছে। এরপরে মনিটর এর VGA Cable টি একটু নাড়াচাড়া করুন বা পুনরায় লাগান।

<u>সমস্যা-১৫:</u> প্রিন্টার কাজ করেনা।
সমাধানঃ প্রিন্টার কাজ না করলে প্রথমে প্রিন্টার এর পাওয়ার চেক করুন। এরপরে দেখুন প্রিন্টারটিতে কোন বাটন লাল হয়ে আছে কিনা যদি থাকে তাহলে প্রিন্টারটি একবার রিস্টার্ট দিন। প্রিন্টারটিতে দেখুন কোন পেজ আটকে আছে কিনা তাহলে খুব সাবধানে পেজটি রিমুভ করুন বেশি জোরাজুরি না করে খেয়াল রাখতে হবে যে পেজের কোন অংশ যেন ছিরে না যায়।

<u>সমস্যা-১৬:</u> পিসি অনেক ধীর গতির।
সমাধানঃ প্রথমে বুঝার চেষ্টা করবেন পিসি আগের চেয়ে ধীর হয়েছে কিনা যদি হয়ে থাকে তাহলে নিম্নের পদ্ধিত অনুসরণ করুন-
পিসির ডিস্ক স্পেস দেখুন বেশি ব্যবহৃত হচ্ছে কিনা। C Drive হতে অপ্রয়োজনীয় সকল ফাইল ডিলিট করুন।
যদি সম্প্রতি কোন সফটওয়্যার ইন্সটল করে থাকেন যা ইন্সটল করার পর হতেই আপনার পিসি ধীর গতির হয়েছে তা আনইন্সটল করুন।

বিঃদ্রঃ উপরোল্লিখিত সমস্যার সমাধানসমূহ প্রাথমিকভাবে ব্যবহারকারীর সুবিধার জন্য। এইসব সমাধানসমূহ অনুসরণ করার পরেও সমস্যার সমাধান না হলে বা অন্য যেকোন সমস্যার জন্য আইসিটি বিভাগে যোগাযোগ করুন।

যে সকল সাবধানতা সবসময় অনুসরণ করা প্রয়োজনঃ

১। পিসিতে পেনড্রাইভ/এক্সটারনাল ড্রাইভ ইত্যাদি কম ব্যবহার করা এবং ব্যবহারের সময় অবশ্যই প্রথমে স্ক্যান করে নিতে হবে।

২। না বুঝে বা প্রেরককে না চিনে কোন ইমেইল/এটাচমেন্ট ওপেন করা যাবে না।

৩। নিয়মিত সকল ডাটার এক্সটারনাল ড্রাইভে/ডিভাইসে ব্যাকআপ নিয়ে রাখতে হবে।

৪। ইন্টারনেট ব্যবহার করার সময় Tor browser, torrent site, অপরিচিত কোন সাইট, ক্ষতিকর সাইট ইত্যাদি ব্যবহার করা থেকে দূরে থাকতে হবে।

৫। অপরিচিত/ অপরীক্ষিত কোন সফটওয়্যার বা এপ্লিকেশন ব্যবহার করা থেকে দূরে থাকতে হবে।

৬। অপারেটিং সিস্টেম ঠিকমত কনফিগার করে নিতে হবে, সিস্টেম রিষ্টোর পয়েন্ট তৈরি করে রাখতে হবে।

৭। হার্ডডিস্কে প্রয়োজনমত ডিস্কস্পেস ফাকা রাখতে হবে।

৮। লাইসেন্সড এন্টিভাইরাস ব্যবহার করতে হবে এবং নিয়মিত আপডেট করতে হবে।

৯। গুরুত্বপূর্ণ ডাটা/ফাইল সমূহকে প্রটেকটেড করে রাখতে হবে।